শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে শতবাধা পেরিয়ে পদ্মা সেতু আজ দৃশ্যমান’

বিশ্বকে অবাক করে দিয়ে নিজস্ব অর্থায়নে ৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ স্বপ্নের পদ্মা সেতুর সর্বশেষ স্প্যান আজ দুপুর ১২টা ২ মিনিটে বসানো হয়েছে। এ সেতু নির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাহসী উদ্যোগের প্রশংসা করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ ও বিচক্ষণ নেতৃত্বে শতবাধা অতিক্রম করে পদ্মা সেতু আজ দৃশ্যমান।

তিনি বৃহস্পতিবার সকালে জয়পুরহাট জেলা আওয়ামী লীগের সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যের শেষে পদ্মা সেতু বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন। ওবায়দুল কাদের তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সম্মেলনে যুক্ত হন।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, একজন মানবিক ও সাহসী নেতৃত্বের কারণেই সব অসম্ভবকে সম্ভব করে বাংলাদেশ আজ বিশ্বকে দেখিয়ে দিয়েছে আমরাও পারি।

যশোরে নির্বাচনী সহিংসতায় নিহত ১

যশোরের বাঘারপাড়া উপজেলার চেয়ারম্যান পদে উপ-নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতায় খালেদুর রহমান টিটো (২৪) নামে এক যুবক নিহত হয়েছেন। তিনি আওয়ামী লীগের মনোনীত প্রার্থী ভিক্টোরিয়া পারভীন সাথীর কর্মী ছিলেন।

বুধবার রাতে দুই গ্রুপের সহিংসতায় গুরুতর আহত হন তিনি। আজ সকাল ৯টায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু

হয়।

যশোরের অতিরিক্ত পুলিশ সুপার জুয়েল ইমরান জানান, বুধবার রাতে স্বতন্ত্র প্রার্থী (আওয়ামী লীগের বিদ্রোহী) দিলু পাটোয়ারীর কর্মী সমর্থকরা জোহরপুর ইউনিয়নের বেতালপাড়া বাজারে নৌকা প্রতীকের সমর্থকদের উপর হামলা চালায়।

এতে গুরুতর আহত হয় টিটো। খবর পেয়ে পুলিশ তাকে উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করে। অবস্থা গুরুতর হওয়ায় রাতেই তাকে ঢাকায় রেফার করা হয়। আজ বৃহস্পতিবার সকালে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় সকাল ৯টায় তার মৃত্যু হয়।

এ ঘটনায় এখনো কোন মামলা না হলেও পুলিশ জড়িতদের ধরতে অভিযান শুরু করেছে।

ইরাকের উত্তরাঞ্চলীয় দু’টি তেলক্ষেত্রে বোমা হামলা

ইরাকের দু’টি তেলকূপে বোমা হামলার ঘটনা ঘটেছে। উত্তরাঞ্চলীয় কিরকুক শহরের খাবাজ তেলক্ষেত্রের ওই দু’টি তেলকূপে বোমা হামলার পর চারদিকে আগুন ছড়িয়ে পড়েছে।

তেলক্ষেত্রের কর্মকর্তারা এবং নিরাপত্তা সূত্রগুলো বার্তা সংস্থা রয়টার্সকে বুধবার জানিয়েছে, দমকল বাহিনী আগুন নেভানোর জন্য কাজ করছে। এখন পর্যন্ত কোনো ব্যক্তি বা গোষ্ঠী হামলার দায়িত্ব স্বীকার করেনি। প্রতিদিন ২৫ হাজার ব্যারেল তেল খাবাজ তেলক্ষেত্র থেকে উত্তোলন করা হয়।

তেলকূপে বোমা হামলার পেছনে উগ্রবাদী গোষ্ঠী জড়িত বলে স্থানীয় পুলিশ সূত্রের বরাত দিয়ে জানিয়েছে ইরাকের শাফাক বার্তা সংস্থা।

আগামী বছর ১৩ লাখ গাড়ি উৎপাদন করবে ইরান

ইসলামি প্রজাতন্ত্র ইরানের গাড়ি নির্মাণ কোম্পানিগুলো আগামী বছরে ১৩ লাখ গাড়ি উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক করেছে। মার্কিন একতরফা নিষেধাজ্ঞার মধ্যেও ইরান এই বিপুল পরিমাণ গাড়ি উৎপাদন করবে যা আগের বছরের তুলনায় শতকরা ৫০ ভাগ বেশি।

২০১৮ সালে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরান-বিরোধী নিষেধাজ্ঞা জোরদার করার পর ফ্রান্সের পেজো ও রেনো কোম্পানি ইরান থেকে চলে যায়। এরপর ইরানের ‘সায়পা’ ও ‘ইরান খোদরো’ স্থানীয় ক্ষুদ্র যন্ত্রাংশ উৎপাদনকারীদের ইরান-মেড গাড়ি তৈরির জন্য কাছে টানে। এ দুটি হচ্ছে ইরানে গাড়ি নির্মাণের ক্ষেত্রে সবচেয়ে বড় কোম্পানি।

সায়পা ও ইরান খোদরোর এই প্রচেষ্টায় যুক্ত হয় দেশের প্রতিরক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয় এ দুটি কোম্পানিকে হাই-টেক যন্ত্রাংশ তৈরিতে সহযোগিতা দেয় যা সাধারণত এতদিন বিদেশ থেকে আমদানি করা হতো।

স্থানীয় কার মার্কেটের তথ্যমতে- ইরান এখন অভ্যন্তরীণভাবে ১৫৪ রকমের গাড়ির যন্ত্রাংশ তৈরি করছে যা দেশের ৪০ কোটি ইউরো সমপরিমাণ অর্থ বাঁচিয়ে দিচ্ছে। পাশাপাশি এ দুটি কোম্পানিতে এক লাখের বেশি মানুষের কর্মসংস্থান হয়েছে। এছাড়া, গাড়ি নির্মাণ সংক্রান্ত বিভিন্ন কারখানায় কাজ করছে আরো সাত লাখ ইরানি নাগরিক।

গাড়ি নির্মাণ খাত হচ্ছে ইরানের জ্বালানি খাতের পরেই দ্বিতীয় প্রধান অথনৈতিক খাত। এখান থেকে ইরানের জিডিপরি শতকরা ১০ ভাগ অর্থ আসে এবং মোট কর্মসংস্থানের শতকরা চার ভাগ রয়েছে গাড়ি শিল্প খাতে। সূত্র: পার্সটুডে।

উপজেলা উপ-নির্বাচনে গাড়ি ভাংচুর, ছয় সাংবাদিক আহত

কুমিল্লার ব্রাহ্মণপাড়া উপজেলা উপ-নির্বাচনে সাংবাদিকদের গাড়ি ভাংচুর হয়েছে। এতে ছয় সাংবাদিক আহত হয়েছে। বৃহস্পতিবার (১০ ডিসেম্বর) সকালে উপজেলার দুলালপুর কেন্দ্রর সংবাদ ও ছবি সংগ্রহে গিয়ে দুলালপুর বাজারে হামলায় শিকার হন তারা।

সূত্র জানায়, আহতরা হলেন সাংবাদিক ইমতিয়াজ আহমেদ জিতু, আশিকুরর রহমান, জহিরুল হক বাবু, বাপ্পি, বিপ্লব ও গাড়ি চালক। নৌকা প্রতীকের প্রার্থী জাহাঙ্গীর খান চৌধুরীর সমর্থকরা সাংবাদিকদের উপর হামলা করে বলে জানান আহত সাংবাদিকরা।

স্থানীয় সংবাদকর্মী মাহফুজ নান্টু জানান, আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। একজনের অবস্থা খুবই খারাপ।
এ বিষয়ে জেলা সিনিয়র নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন বলেন, হামলার বিষয়ে অবগত হয়েছি। দুলালপুর কেন্দ্রে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

স্বপ্ন হলো সত্যি, দৃশ্যমান পুরো পদ্মা সেতু

স্বপ্ন হলো সত্যি। সবশেষ স্প্যান (৪১তম) বসিয়ে জুড়ে দেওয়া হলো পদ্মার দুই পাড়। এর মধ্যদিয়ে শেষ হলো দক্ষিণ এশিয়ার সবচেয়ে দীর্ঘ সেতুর গুরুত্বপূর্ণ কাজ। রাজধানী ঢাকার সঙ্গে সরাসরি যুক্ত হলো দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২৯টি জেলা।

এখন সড়ক ও রেলের স্প্যান বসানো সম্পন্ন হলে চলাচল শুরু হবে গাড়ি ও রেল। ধারণা করা হচ্ছে আগামী বছরের ডিসেম্বরে স্বপ্নের এ সেতু চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে।

৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ বহুমুখী এ সেতু হবে দোতলা। পদ্মাসেতুর মূল কাঠামো স্টিলের, যা স্প্যান নামে পরিচিত। এই স্প্যানের ওপর কংক্রিটের প্রলেপ দিয়ে রাস্তার কাঠামো তৈরি করা হবে; যার ওপর দিয়ে যানবহন চলাচল করবে।

ইতোমধ্যে, রেলওয়ের ১ হাজার ৫শ টির বেশী স্ল্যাব বসানো হয়েছে। প্রায় শেষ পর্যায়ের কাজ চলছে ৫৫ কিলোমিটার হাইওয়ে এক্সপ্রেসেরও।

বৃহস্পতিবার মূল সেতুর ১২ ও ১৩ নম্বর পিলারে ৪১তম এই স্প্যান বসানোর মধ্য দিয়ে দৃশ্যমান হয়েছে ৬.১৫ কিলোমিটার পদ্মা সেতু।

এছাড়াও সেতুর ২ হাজার ৯১৭টি রোডওয়ে স্লাবের মধ্যে ১ হাজার ৪১টির বেশি রোড স্ল্যাব বসানো হয়েছে। আর ২ হাজার ৯৫৯টি রেলওয়ে স্ল্যাবের মধ্যে এখন পর্যন্ত বসানো হয়েছে ১ হাজার ৫০০টির বেশি।

২০১৪ সালের ডিসেম্বরে পদ্মা সেতুর নির্মাণকাজ শুরু হয়। ২০১৭ সালের ৩০ সেপ্টেম্বর ৩৭ ও ৩৮ নম্বর খুঁটিতে প্রথম স্প্যান বসানোর মধ্য দিয়ে দৃশ্যমান হয় পদ্মা সেতু। এরপর একে একে বসানো হয় সবগুলো স্প্যান।

মূল সেতু নির্মাণের জন্য কাজ করছে চীনের ঠিকাদারি প্রতিষ্ঠান চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি (এমবিইসি) ও নদীশাসনের কাজ করছে দেশটির আরেকটি প্রতিষ্ঠান সিনো হাইড্রো করপোরেশন।

দুটি সংযোগ সড়ক ও অবকাঠামো নির্মাণ করেছে বাংলাদেশের আবদুল মোমেন লিমিটেড।

দামুড়হুদায় মাস্ক পরিধান না করার জন্য জরিমানা

দামুড়হুদা উপজেলা প্রশাসন মাস্ক পরিধান নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছেন ।

গতকাল বুধবার দামুড়হুদা উপজেলার চিৎলার মোড় এলাকায় ভ্রাম্যমাণ

আদালত পরিচালনা করে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, গতকাল বুধবার বিকাল ৩টার দিকে দামুড়হুদার চিৎলা মোড় নামক স্থানে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান করোনা মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিত করতে অভিযান চালায়।

এসময় ১৮৬০ সালের দণ্ডবিধি আইনের ১৮৮ধারায় ১৬ জন ব্যক্তিকে ২হাজার ১৫০ টাকা জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত।

আদালত পরিচালনায় সহযোগিতা করে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের সর্টিফিকেট সহকারী জিহন আলি, দামুড়হুদা মডেল থানার পুলিশ সদস্য।

আলমডাঙ্গায় বিভিন্ন অপরাধে ৪ জনকে জরিমানা

করোনার দ্বিতীয় ধাপ অতিক্রম করলেও জনসাধারণের সচেতনার অভাবের কারণে গুনতে হচ্ছে জরিমানা।

গতকাল বুধবার দুপুর ১টার দিকে পৌর এলাকার পশু হাট প্রাঙ্গণে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি।

আদালতের মাধ্যমে ভেজাল ঔষধ বিক্রয়, প্রকাশে ধুমপান ও মাস্ক না পরার অপরাধে ৪জনকে ১৬শত টাকা জরিমানা করেন।

আজ চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮◌ং ওয়ার্ডের উপ-নির্বাচন

আজ চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮নং ওয়ার্ডের উপ-নির্বাচন। নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে সকল প্রস্তুতি শেষ হয়েছে। কঠোর নিরাপত্তার মাধ্যমে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে ৪ জন প্রার্থী নির্বাচনে অংশ নেয়।

৮নং ওয়ার্ডে ভাংবাড়িয়া, হারদি ও কুমারী ইউনিয়নের আওতাভুক্ত। এ ওয়ার্ড নির্বাচনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বরেরা ভোটার।

আজ উপ-নির্বাচন সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

নির্বাচনে ভোটার সংখ্যা ৩৯ জন। জেলা পরিষদের উপ-নির্বাচনে ৪জন প্রতিদ্বন্দিতা করছেন। এরা হলো-কুমারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, কৃষকলীগ নেতা আশাদুল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান মিজান ও হারদী গ্রামের তাজনুর হাসান।

আলমডাঙ্গায় হাসান কাদির’র গণসংযোগ

প্রতিদিনের ন্যায় আসন্ন আলমডাঙ্গা পৌর নির্বাচনে পথসভা ও গণসংযোগ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু। গতকাল বুধবার সন্ধ্যা ৭টার দিকে পৌর এলাকার কাঁচা বাজার প্রাঙ্গণে এ পথসভা ও নির্বাচনী গণসংযোগ করেন।

নির্বাচনী গণসংযোগে হাসান কাদির গনু বলেন,‘ এ্ই মাসের মধ্যেই শুরু হচ্ছে রাস্তা, ড্রেন ও পানি সাপ্লাইয়ের কাজ। একই সাথে আলমডাঙ্গা পৌর এলাকার ২৯টি রাস্তার কাজ শুরু হবে। রাস্তা গুলো নির্মাণ করা হলে কারোর আর অভিযোগ করার সুযোগ থাকবে না। এই রাস্তা গুলো অনেক আগে হবার কথা থাকলেও করোনার কারণে পিছিয়ে মানুষের দুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে।

নির্বাচনী গণসংযোগে আনসার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা কাঁচামাল ব্যবসায়ী সমিতির সভাপতি ইমরুল কায়েস, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারী, মাজেদ ভুঁইয়া, মুদি ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আলাউদ্দিন মিয়া, ওলিউল্লাহ খাঁন, খেদ আলী মেম্বার, ব্যবসায়ী রানা, বাবলু, আজাদ, বাদশা, মনিরুল, মিজান, সামসুল প্রমুখ।